

## দেশে নৈতিক ও ইসলামী মূল্যবোধ লালনের জন্য মাদ্রাসা শিক্ষার বিকল্প নেই

—মাওলানা নিজামী

তথ্য বিবরণী : কৃষিমন্ত্রী মাওলানা মতিউর রহমান নিজামী বলেছেন, দেশে নৈতিক ও ইসলামী মূল্যবোধ লালনের জন্য মাদ্রাসা শিক্ষার বিকল্প নেই। তিনি বলেন, সরকার ইতোমধ্যে আধুনিক শিক্ষার সাথে সমন্বয় করে মাদ্রাসা শিক্ষার গুণগতমান উন্নয়নের উদ্যোগ গ্রহণ করেছে। তিনি যুবসমাজকে নীতি-নৈতিকতার দিকে ধাবিত করার জন্য, দল-মতের উর্ধ্বে থেকে সবাইকে একযোগে 'ভূমিকা' পালনের আহ্বান জানান।

মন্ত্রী গতকাল বিকেলে রাজধানীর মীরহাজিরবাগে ডামিরুল মিল্লাত কামিল মাদ্রাসায় পুরস্কার বিতরণী ও বিদ্যায়ী ছাত্রদের দোয়া অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করছিলেন। শিক্ষা উপমন্ত্রী এডভোকেট আবদুস সালাম পিটু ও সংসদ

### মাওলানা নিজামী

—এর পৃষ্ঠার পর

সদস্য সালাহউদ্দীন আহমেদ অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন।

ডামিরুল মিল্লাত ট্রাস্টের চেয়ারম্যান খ্রিস্টিয়ান মোঃ আবদুর রুবের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে অধ্যাপক মোঃ ইউসুফ আলী, অধ্যাপক ইউসুফ ফারুক, অধ্যাপক বলিপুর রহমান, ডঃ এ কে এম ইয়াকুব হুসাইন, মাওলানা মোঃ যাইনুল আবেদীন, স্থানীয় ওয়ার্ড কমিশনার মোঃ মোবারক আলী প্রমুখ বক্তৃতা করেন।

জনাব মতিউর রহমান নিজামী বলেন, নকল প্রবণতা ও নোট বই আমাদের শিক্ষার প্রধান শত্রু। দেশের শিক্ষার বিরাজমান সমস্যা ও মেধাশূন্যতার অন্যতম কারণ হিসেবে তিনি নকল প্রবণতাকে দায়ী করেন।

জনাব নিজামী বলেন, আমাদের সামাজিক ও অর্থনৈতিক পরিবেশ যুবসমাজকে আদর্শহীনতার দিকে ঠেলে দিচ্ছে। দেশের শিক্ষা ব্যবস্থায় নৈতিক মূল্যবোধ বিকাশের তেমন কোন সুযোগ নেই বলে তিনি উল্লেখ করেন। ইসলামী শিক্ষার বিকাশরোধ এবং মুসলিম বিশ্বে রাজনৈতিক স্থিতিশীলতা নাটকীয় একটি দেশীয় ও আন্তর্জাতিক সংঘবদ্ধ চক্র তৎপর রয়েছে বলে তিনি জানান। মন্ত্রী দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় ইসলামী মূল্যবোধের ব্যাপক লালন ও বিকাশের পক্ষে মতামত ব্যক্ত করেন।